

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd)



তারিখ: ১৮/০১/২০২১খ্রি:

স্মারক নং-৪৫,০০,০০০০,১৬০,৯৯,০০২,২০(অংশ-৭)-৪০

বিষয়: বিদেশগামী যাত্রীদের কোভিড-১৯ সংক্রমণ পরীক্ষার নিমিত্ত আরটি-পিসিআর ল্যাব নির্ধারণ প্রসঙ্গে।

সূত্রঃ অধ্যক্ষের কার্যালয়, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা'র ১২/০১/২০২১ তারিখের কুমেক/২০২১/৭৮ সংখ্যকগত্র।

উপর্যুক্ত বিষয় ও সুন্দরোভ্য স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, RT-PCR ল্যাবের সংখ্যা পর্যাপ্ত না থাকায় কুমিল্লা মেডিকেল কলেজে স্থাপিত RT-PCR ল্যাব শুরু থেকে বৃহত্তর কুগিল্লা ও নোয়াখালীর ০৬ (ছয়)টি জেলা (i) কুমিল্লা (ii) চাঁদপুর (iii) বি-বাড়িয়া (iv) ফেনী (v) লক্ষ্মীপুর ও (Vi) নোয়াখালী জেলার বিদেশগামী যাত্রীদের নমুনা পরীক্ষা করে আসছে। পরবর্তীতে চাঁদপুর মেডিকেল কলেজ, চাঁদপুর এবং আব্দুল মালেক উকিল মেডিকেল কলেজ, নোয়াখালীতে স্থাপিত RT-PCR ল্যাব থেকে বিদেশগামী যাত্রী কোভিড-১৯ সংক্রমণ পরীক্ষা করার কার্যক্রম গ্রহণ করা হয় কিন্তু শুরু থেকে কুমিল্লা মেডিকেল কলেজের RT-PCR ল্যাবকে উপরে উল্লেখিত ০৬(ছয়)টি জেলার বিদেশগমনেচ্ছু যাত্রীদের জন্য নির্ধারণ করা হয় বিধায় এখনও ০৬(ছয়) জেলার বিদেশগামী যাত্রীরা এ ল্যাবে কোভিড-১৯ পরীক্ষার জন্য আসে, ফলে স্বল্পসংখ্যক জনবল দিয়ে পিসিআর ল্যাব পরিচালনা করা কষ্ট সাধ্য হয়ে যাচ্ছে।

০২। এমতাবস্থায়, বিদেশগামী যাত্রীদের দুটতম সময়ে কোভিড-১৯ টেস্ট কার্যক্রম সম্পাদনের সুবিধার্থে (i) নোয়াখালী, ফেনী ও লক্ষ্মীপুরের বিদেশগামী যাত্রীগণের জন্য আব্দুল মালেক উকিল মেডিকেল কলেজ, নোয়াখালী (ii) চাঁদপুর জেলার বিদেশগামী যাত্রীগণের জন্য চাঁদপুর মেডিকেল কলেজ, চাঁদপুর এবং (iii) বি-বাড়িয়া ও কুমিল্লার বিদেশগামী যাত্রীগণের জন্য কুমিল্লা মেডিকেল কলেজকে কোভিড-১৯ সংক্রমণ পরীক্ষার জন্য নির্দেশক্রমে নির্ধারণ করা হলো।

ড. বিলকিস বেগম  
উপসচিব

E-mail: ghm1@hsd.gov.bd

বিতরণ (জ্যোষ্ঠার ক্রমানুসারে নয়):

১. অধ্যক্ষ, আব্দুল মালেক উকিল মেডিকেল কলেজ, নোয়াখালী।

২. অধ্যক্ষ, চাঁদপুর মেডিকেল কলেজ, চাঁদপুর।

৩. অধ্যক্ষ, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যোষ্ঠার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

২. বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম।

৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

৪. পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

৫. জেলা প্রশাসক, নোয়াখালী/ফেনী/লক্ষ্মীপুর/চাঁদপুর/বি-বাড়িয়া/কুমিল্লা।

৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

৭. সিভিল সার্জন, নোয়াখালী/ফেনী/লক্ষ্মীপুর/চাঁদপুর/বি-বাড়িয়া/কুমিল্লা।

৮. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, ঢাকা (প্রত্যেক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৯. অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ।

১০. যুগ্মসচিব (মনিটরিং স্বাস্থ্য প্রতিষ্ঠান/সংগঠন স্বাস্থ্য ব্যবস্থাপনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ।